19 APR 1996

দৈনিক সংবাদ

32

তারিখ 19 APR 1996
পৃষ্ঠা 1 কলাম 2

ছাত্রীর মামলা দায়ের

# শিক্ষা সচিব ও দুই উপাচার্যের প্রতি সমন জারি

( কোর্ট রিপোর্টার )

শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ও ২ জন উপাচার্যসহ ৬ জনকে আদালতের সমন জারি করা হয়েছে।

ঢাকার তৃতীয় সহকারী জজ হুমায়ুন কবীর এক ঘোষণামূলক মোকদ্দমায় গতকাল এ আদেশ দেন। মামলার বাদি হলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের (নৈশ) এম, এ প্রথম পর্বের ছাত্রী নাসরীন জাহান।

আরজিতে তিনি উল্লেখ করেন, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের রুলস এন্ড রেগুলেশন অনুসারে বাদি এম,

ছাত্রী ঃ পৃঃ ৬ কঃ ৪

ছাত্রী ঃ মামলা দায়ের

( ১ম পৃষ্ঠার পর )

এ প্রথম পর্ব পরীক্ষায় প্রাপ্ত নম্বর অনুযায়ী পাস করেছেন। কিন্তু পরীক্ষার রেজাল্ট শিটে বাদিসহ মোট ৪২ জনকে অকৃতকার্য দেখানো হয়েছে। এতে বাদির অধিকার ক্ষুণ্ন করা হয়েছে বলে উল্লেখ করা হয়। অভিযুক্ত ২ উপাচার্য হচ্ছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।

এই মামলা দায়ের করার আগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রককে বাদির পক্ষ থেকে দু'বার লিগ্যাল নোটিশ দেখা হয়েছিল; কিন্তু এর কোন জবাব দেয়া হয়নি। আদালতে বাদি পক্ষে মামলা পরিচালনা করেন এডভোকেট অশোক কুমার ঘোষ।